

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৩ নভেম্বর ২০১৭ খ্রিঃ।

## মাননীয় প্রধানমন্ত্রীকে আয়কর পরিচয়পত্র প্রদান করেছে জাতীয় রাজস্ব বোর্ডঃ

১৯৮২ সাল থেকে নিয়মিত আয়কর প্রদান করে একটি অনুকরণীয় উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করায় মাননীয় প্রধানমন্ত্রীকে জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন এনবিআর চেয়ারম্যান

সারাদেশে একটি রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠার চলমান প্রয়াসের ধারাবাহিকতায় জনকল্যাণে জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন উদ্ভাবনীমূলক উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় রাজস্ব বোর্ডের সৃজনশীল ও উদ্ভাবনমূলক উদ্যোগসমূহের মধ্যে আয়কর মেলার পাশাপাশি আয়কর দিবস, আয়কর সপ্তাহ, আয়কর ক্যাম্প, রাজস্ব হালখাতা, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে তৃণমূল পর্যায়ে কর সেবা পৌঁছানো, রাজস্ব সংলাপ, কর শিক্ষণ ফোরাম, সোস্যাল মিডিয়া সংলাপ, ফেইসবুক পেইজ, ফিডব্যাক মেইল ইত্যাদি নিত্য নতুন গঠনমূলক কর্মসূচি অন্যতম।


জাতীয় রাজস্ব বোর্ড রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করার পাশাপাশি করদাতাদের সব ধরনের কর সেবা প্রদানের লক্ষ্যে প্রতিবছরই বিভিন্ন উদ্ভাবনী ধারণা গ্রহণ করেছে। এবারের উদ্ভাবনটি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে উজ্জীবিত হয়ে জাতীয় রাজস্ব বোর্ড জাতীয় পরিচয়পত্রের ডাটাবেজ ব্যবহার করে এবারের মেলায় সম্মানিত করদাতাদের প্রদান করেছে 'ইনকাম ট্যাক্স আইডি কার্ড'। ইনকাম ট্যাক্স আইডি কার্ডটি সম্মানিত করদাতাদের মধ্যে বিপুল উৎসাহ উদ্দীপনা তৈরি করেছে। ১ নভেম্বর থেকে ৭ নভেম্বর পর্যন্ত ঢাকায় আয়কর মেলা থেকে ইনকাম ট্যাক্স আইডি কার্ড নেবার সাথে সাথে করদাতারা এটিকে উন্নয়নে তাদের অংশীদারিত্বের পরিচয় বলে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। এ বছর বেশ কয়েকজন মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় সংসদ সদস্য, মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব, মুখ্য সমন্বয়ক, বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সচিব এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ আয়কর মেলা-২০১৭ পরিদর্শন করেছেন এবং ইনকাম ট্যাক্স আইডি কার্ড গ্রহণ করেছেন।

এবারের আয়োজনের সবচেয়ে বড় আকর্ষণ ও ঐতিহাসিক মূহূর্ত ছিল মাননীয় প্রধানমন্ত্রীকে 'ইনকাম ট্যাক্স আইডি কার্ড' প্রদান। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সানুগ্রহ অনুযায়ী আজ ১৩ নভেম্বর ২০১৭ খ্রিঃ মন্ত্রিসভা বৈঠকের শুরুতে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মাননীয় প্রধানমন্ত্রীর নিকট তাঁর 'ইনকাম ট্যাক্স আইডি কার্ড' হস্তান্তর করেন।

এ বিষয়ে এনবিআর চেয়ারম্যান বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ১৯৮২-১৯৮৩ করবর্ষ থেকে নিয়মিতভাবে আয়কর প্রদান করে একটি অনুকরণীয় উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন। সেজন্য জাতীয় রাজস্ব বোর্ড একটি স্বীকৃতি ফলক তৈরি করে মাননীয় প্রধানমন্ত্রীকে বিনম্র শ্রদ্ধা ও অশেষ অভিনন্দন জ্ঞাপন করেছেন। এ ব্যাপারে পরবর্তীতে এনবিআর চেয়ারম্যান বলেন, এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জন ও উন্নয়ন অর্থায়নের জন্য বর্তমানে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে। তাই অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের কাজে সর্বাত্মক সহযোগিতার জন্য সকলকেই এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

আয়কর মেলায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য সকল অংশীজনকে অভিনন্দন জানিয়ে এনবিআর চেয়ারম্যান বলেন, আমরা সম্মানিত করদাতাদের রিটার্ন দাখিলের সুবিধার্থে গত ১২ থেকে ৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত সকল কর অঞ্চলে বিকেন্দ্রীকৃত আয়কর মেলা চালু রেখেছি। সেখানে মেলার পরিবেশে সব ধরনের করসেবা পাওয়া যাচ্ছে। সম্মানিত করদাতাদের সুবিধার্থে ২০ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ থেকে ঢাকার সকল কর অঞ্চলে আয়কর রিটার্ন দাখিলের রশিদ প্রাপ্তি সাপেক্ষে 'ইনকাম ট্যাক্স আইডি কার্ড' দেয়ার ব্যবস্থা করা হয়েছে এবং এ কার্যক্রমটি চলমান থাকবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

  
(সেয়দ এ মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া